# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৪)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৯)/১/৬৫৮

তারিখ ঃ ১৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | সিনিয়র মেডিকেল অফিসার<br>বেতন স্কেল: ২৯০০০-৬৩৪১০ (গ্রেড-৭)<br>পদের সংখ্যা: ০১ (এক)<br>বয়স: ৩৫-৪৫ বৎসর | এমবিবিএস ডিগ্রীধারী হইতে হইবে। কোন সরকারী / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান / বিশ্ববিদ্যালয় / হাসপাতাল / ক্লিনিক / সংস্থায় মেডিক্যাল অফিসার হিসাবে ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>উচ্চতর ডিগ্রী / প্রশিক্ষণ / যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ২ | ড্রাইভার<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)<br>পদের সংখ্যা: ০৫ (পাঁচ)<br>বয়স: ১৮-৩০ বৎসর | ৮ম শ্রেণী পাস এবং বি আর টি এ হইতে গাড়ী চালনার লাইসেন্স থাকিতে হইবে। |

**শর্তাবলী ঃ**

১. উক্ত পদসমূহে আবেদনের নিমিত্তে **Online Application Form** ও নিয়োগ বিজ্ঞপ্তি **০৭-১০-২০২১ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ পাওয়া যাইবে।** আগ্রহী প্রার্থীদের আগামী **০৪-১১-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার** মধ্যে উক্ত ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।

২. **বয়সসীমা** ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখ ঃ ১৯-০৮-২০২১ খ্রিস্টাব্দ এবং স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৫৪, তারিখ ঃ ০২-০৯-২০২১ খ্রিস্টাব্দ অনুযায়ী ২৫-০৩-২০২০ তারিখে আবেদনকারীর বয়সসীমা নির্ধারিত হইবে। ক্রমিক নং-২ (ড্রাইভার পদে)-এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর, তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ বৎসর হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে পরীক্ষা পাশের সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

৩. **প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে আবেদনে উল্লেখসহ ঐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সার্টিফিকেট, মুক্তিবার্তা/গেজেটের কপি যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সনদপত্রের সত্যায়িত কপি এবং** অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৪. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র,

চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৫. **Online Application Form-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ০৪-১১-২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

৬. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় **ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং ক্রমিক নং-২ এ বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা** পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

**পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলীঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে **Pay-slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হইবে অথবা সোনালী ব্যাংকের Online Payment Gateway ব্যবহার করিয়া মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন AMERICAN EXPRESS, VISA, DBBL NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে অনলাইনে টাকা ট্রান্সফার করিয়াও আবেদন করিতে পারিবেন।**

**Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।**

৭. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৮. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।

৯. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

১০. **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

১২. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

04.10.21

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়